

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স
(ডিকেএমপি) অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয় ঢাকা-১০০০।
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৩৫.০৩১.২৩.৯৫

তারিখ: ১০ পৌষ ১৪৩০

২৫ ডিসেম্বর ২০২৩

বিষয়: ই নামজারি সিস্টেমে ২০(বিশ) টাকা কোর্ট ফি গ্রহণের সময় এনআইডি ভেরিফিকেশন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নামজারি সিস্টেমে আবেদনকারিকে অনলাইনে নামজারি আবেদন ফরম পূরণ করে কোর্ট ফি বাবদ ২০ (বিশ) টাকা এবং নোটিশ ফি বাবদ ৫০(পঞ্চাশ) টাকা সর্বমোট ৭০(সত্তুর) টাকা প্রদান করার সুযোগ ছিল। ভূমি মন্ত্রণালয় ৭ নভেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের ৩১.০০.০০০০.০৫৭.৩১.০০২.২৩.২৬ নং পরিপত্র অনুযায়ী বর্তমানে আবেদনকারিকে প্রথমে অনলাইনে কোর্ট ফি বাবদ ২০ (বিশ) টাকা পরিশোধ করে তারপর নামজারি আবেদন পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণ সম্পন্ন হলে নোটিশ ফি বাবদ ৫০ (পঞ্চাশ) টাকা পরিশোধ করে ফরমটি অনলাইনে জমা করতে হবে।

২। নাগরিকদের সুবিধার্থে নামজারি আবেদনের শুরুতে ২০ (বিশ) টাকা কোর্ট ফি গ্রহণকালে জাতীয় পরিচয়পত্র যাচাইয়ের পরিবর্তে শুধুমাত্র নোটিশ জারি ফি বাবদ ৫০ (পঞ্চাশ) টাকা এবং রেকর্ড সংশোধন ফি DCR এর মাধ্যমে ১১০০ (এক হাজার একশত) টাকা জাতীয় পরিচয়পত্র যাচাইয়ের মাধ্যমে গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।



২৫-১২-২০২৩

সেলিম আহমদ

উপসচিব

অতিরিক্ত সচিব
বাজেট-২ অনুবিভাগ
অর্থ বিভাগ

ইমেইল: lsdmc@minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৩৫.০৩১.২৩.৯৫/১

তারিখ: ১০ পৌষ ১৪৩০

২৫ ডিসেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড
- ২) যুগ্মসচিব, প্রকল্প পরিচালক, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি মন্ত্রণালয়
- ৩) যুগ্মসচিব, ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়
- ৪) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, ভূমি মন্ত্রণালয়
- ৫) উপসচিব, ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়
- ৬) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়

- ৭) প্রোগ্রামার, ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়
৮) ব্যবস্থাপনা পরিচালক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি
৯) ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ
১০) অফিস, কপি



২৫-১২-২০২৩

সেলিম আহমদ

উপসচিব